DD(ATM)
AA/RO

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

Mujib's Bangladesh

**বিষয়:** 'মহান বিজয় দিবস-২০২২' উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহর 'প্রদর্শনী উপ কমিটি'র ৫ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মিজানুর রহমান, সদস্য (প্রশাসন) ও আহবায়ক "প্রদর্শনী উপ কমিটি-২০২২", সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ। |
| তারিখ | : | ৩১ অক্টোবর ২০২২ খ্রিঃ। |
| সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | : | সদর দপ্তর, সম্মেলন কক্ষ, লেভেল-৬, সিএএবি। |

'মহান বিজয় দিবস-২০২২' উদযাপন উপলক্ষ্যে 'প্রদর্শনী উপ-কমিটি'র ৫ম সভা উপরোল্লিখিত সময় ও তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিতি তালিকা পরিশিষ্ট-'ক' (২ পাতা)'তে সংযুক্ত।

সভার প্রারম্ভে 'মহান বিজয় দিবস-২০২২' উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরের ৫ম সভায় 'প্রদর্শনী উপ কমিটি'র উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভায় সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে আগামী ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ যান্ত্রিক বহরে বর্তমানে সরকারের এ মন্ত্রণালয় সংক্রান্ত উন্নয়নমূলক কর্মকান্ডসমূহ তুলে ধরার লক্ষ্যে এবং মন্ত্রণালয়ের অধীনস্থ সংশ্লিষ্ট সকল সংস্থার কার্যক্রমসমূহের সাথে সংগতি রেখে সুসমন্বিত একটি অবয়ব তৈরি করে উপস্থাপন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সংশ্লিষ্ট সকল সংস্থা প্রধানের সাথে আলোচনা করে সর্বোচ্চ চেষ্টার মাধ্যমে উপস্থিত সদস্যগণের সুচিন্তিত মতামতের প্রেক্ষিতে যান্ত্রিক বহরের একটি অবয়ব তৈরীকরণের সহযোগিতার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। আজকের মতামতের প্রেক্ষিতে যান্ত্রিক বহরের যে চূড়ান্ত অবয়ব তৈরী করা হবে তা প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। গত ২৫/১০/২০২২ তারিখে ৪র্থ সভায় সংশ্লিষ্ট সকল সংস্থার সিদ্ধান্ত মোতাবেক পর্যবেক্ষণের মাধ্যমে প্রেরিত ছবির উপরে নির্মাণকারী প্রতিষ্ঠান যান্ত্রিক বহরের যে অবয়ব তৈরি করেছেন তা প্রদর্শন করার জন্য অনুরোধ করা হয়। যান্ত্রিক বহরে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রদর্শিত অবয়ব বা ছবির কম্বিনেশন তথা সর্বোত্তম সমন্বয় কিভাবে হতে পারে তা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় 'মহান বিজয় দিবস-২০২২' উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরের গাড়ীতে কার্যক্রমসমূহ প্রদর্শনীর জন্য সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড ও হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, ঢাকা এর প্রেরিত ছবিতে তাদের গোল্ডেন কালারের লোগোসহ যে অবয়ব তৈরী করা হয়েছে তা সঠিক আছে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড ও হোটেলস ইন্টারন্যাশনাল, ঢাকাকে আরও বেশি স্পষ্টীকরণের লক্ষ্যে বাংলাদেশ সার্ভিসেস লিঃ এর কিছু অংশ সংকোচিত করে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক প্রেরিত মেরুন ও সবুজ গাছপালাকে আরও সুবিন্যস্ত করে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২. যান্ত্রিক বহরে পিছনের অংশে গণভবন, নাটোরের ছবি সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ছবি সরবরাহসহ সকল ক্ষেত্রে সহযোগিতার নিমিত্ত বাংলাদেশ ট্যুরিজম বোর্ডকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

৩. যান্ত্রিক বহরের পিছনের দিক আরও দৃষ্টিনন্দন করা লক্ষ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনাল-৩ এর লাগেজ বেল্টের ছবি দৃশ্যমানভাবে তুলে ধরার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনাল-৩ এর লাগেজ বেল্টের ছবি সরবরাহের জন্য প্রধান প্রকৌশলী, বেবিচক-কে অনুরোধ করা হয়।

৫. যান্ত্রিক বহরের সম্মুখে সংযুক্ত বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর ছবির বদলে যথোপযুক্ত অন্য কোনো ছবি/কার্যক্রম (যদি থাকে) সংযোজনের জন্য নির্মাণকারী প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয় এবং একই সাথে ছবি সরবরাহের জন্য মহাব্যবস্থাপক (প্রশাসন), বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকাকে অনুরোধ করা হয়।

৬. যান্ত্রিক বহরের সম্মুখভাগে প্রশাসনিক মন্ত্রণালয়ের লোগোসহ মন্ত্রণালয়ের নাম সংযোজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭. স্ব-স্ব সংস্থা কর্তৃক প্রেরিত ছবি/প্রস্তাবনা যান্ত্রিক বহরে সংযোজনপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার কর্মকান্ডসমূহ সুসমন্বিতভাবে প্রদর্শনের লক্ষ্যে দৃষ্টিনন্দন অবয়ব তৈরী করে আগামী ০১/১১/২০২২ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে পরিচালক (প্রশাসন), বেবিচক এর নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট নির্মাণকারী প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়।

চলমান পাতা-০২

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মিজানুর রহমান)
সদস্য (প্রশাসন)
ও
আহবায়ক
"প্রদর্শনী উপ কমিটি-২০২২"
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১০৬৮ (অফিস)

নথি নং-৩০.৩১.০০০০.২১১.৫৩.০০১.২১- ৬৭৬১

তারিখ: ০১/১২/২০২২ খ্রিঃ

**বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩. মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক (প্রশাসন), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৫. পরিচালক (প্রশাসন), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সচিব, হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, ১০৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা।
৭. সচিব, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড, ০১ মিন্টু রোড, ঢাকা-১০০০।
৮. উপ-সচিব (প্রশাসন-১), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রতিনিধি, ধানসিড়ি কমিউনিকেশন লিমিটেড, বাড়ি-৪৭২(দ্বিতীয় ফ্লোর), রোড-০৮, বারিধারা (ডিওএইচএস), ঢাকা-১২০৬।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, ১০৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড, ০১ মিন্টু রোড, ঢাকা-১০০০।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য)।
৯. পরিচালক (মানব সম্পদ ও সাধারণ প্রশিক্ষণ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. উপ-পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল সার্কেল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৩. নির্বাহী প্রকৌশলী (সিভিল ডিভিশন-২), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৪. সহকারী প্রকৌশলী (সিভিল ডিভিশন-৪), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৫. সদস্য (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সদর দপ্তর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৬. পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

(মোঃ জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন : ৮৯০১৪১২ (অফিস)